

“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা



বিষয়: ৩০ সেপ্টেম্বর/২০২১ খ্রি. অনুষ্ঠিত বিআরডিবি’র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি এস. এম. মাসুদুর রহমান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি.
সভার সময় সকাল - ১০:৩০ ঘটিকা
স্থান সম্মেলন কক্ষ, বিআরডিবি, ঢাকা
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সঠিকভাবে বাস্তবায়নে সভাপতি কমিটির সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---------|--|--|--|
| ১. | বিগত সভার সিদ্ধান্তসমূহ আলোচনা | I) বিআরডিবি’র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থবছরের গৃহিত পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায় ও সদর দপ্তর থেকে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করে স্মারক নং-১৫৯ তারিখ: ০৭ সেপ্টেম্বর/২০২১ এ পত্র প্রেরণ করা হয়েছে; II) ২০২১-২০২২ কর্মপরিকল্পনা বাস্তবায়নে সেবা সহজিকরণের জন্য সেবা নির্বাচন পূর্বক তা প্রেরণের জন্য স্মারক নং-১৫৯ তারিখ: ৭ সেপ্টেম্বর/২০২১ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। | মাঠ পর্যায় ও সদর দপ্তর পর্যায় প্রাপ্ত উদ্ভাবনী থেকে উদ্যোগ/ধারণা সমূহ যাচাই বাছাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ২. | সেবা ডিজিটালাইজেশন | সভায় জানানো হয় যে, আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটালাইজেশন করার বিষয়ে কর্মপরিকল্পনার ১.৩.১ এ সিদ্ধান্ত রয়েছে। | নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে একটি সেবা ডিজিটালাইজেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৩. | ইনথির ব্যবহার বৃদ্ধি | I) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ইনথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রেরিত পত্রখানা গৃহীতকনপূর্বক সকলকে জানিয়ে দেয়া হয়েছে; II) পাশাপাশি সদর দপ্তর পর্যায়ে ই-নথির ব্যবহার বৃদ্ধি ও নথি নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) এর মাধ্যমে পত্রজারি করার বিষয়ে আলোচনা করা হয় | পরিচালক (প্রশাসন) কর্তৃক ইনথির মাধ্যমে পত্রজারি ও নথি নিষ্পত্তির বিষয়ে দ্রুত পত্র জারির ব্যবস্থা করতে হবে। |
| ৪. | ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন। | কর্মপরিকল্পনার সূচক ১.৬.১ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিত করণের লক্ষ্যে একটি সভা/কর্মশালা আয়োজন করা জরুরী মর্মে আলোচনা হয়। | এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের এর সাথে আলোচনাপূর্বক দ্রুত একটি কর্মশালার আয়োজন করতে হবে। |
| ৫. | তথ্য বাতায়ন | কর্মপরিকল্পনা বাস্তবায়নে এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে। এ বিষয়ের প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। |

| | | | |
|----|--|---|---|
| ৬. | বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ সমূহের অগ্রগতি পর্যালোচনা। | I) বিআরডিবি'র ইত্যে মধ্যে তিনটি উদ্যোগ দেশব্যাপী স্কেল আপ এবং আঞ্চলিক পর্যায়ে ৫ টি উদ্যোগ বাস্তবায়নে অফিস আদেশ জারি ও অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। II) স্মারক নং-১৪০ তাং-২৪ আগস্ট/২০২১ এ পত্র জারির মাধ্যমে অগ্রগতির প্রতিবেদন চাওয়া হয়েছিল। এর মধ্যে মাঠ পর্যায়ের সকল উদ্ভাবক তথ্য প্রেরণ করেছেন। সদর দপ্তর পর্যায়ের যুগ্মপরিচালক (নির্মাণ) ও যুগ্মপরিচালক (গবেষণা, মূল্যায়ন ও পরিবীক্ষণ) অদ্যবধি তাদের অগ্রগতি প্রতিবেদন দাখিল করেন নাই। যুগ্মপরিচালক (নির্মাণ) ও যুগ্মপরিচালক (গবেষণা, মূল্যায়ন ও পরিবীক্ষণ) এর উদ্যোগ বাস্তবায়নের জন্য ৫.০০ লক্ষ টাকা করে মোট ১০.০০ লক্ষ টাকার সর্বোচ্চ বাজেট বরাদ্দ দেয়া হয়েছিল। এ সকল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরিচালক (প্রশাসন) এর মাধ্যমে অগ্রগতির তথ্য আনায়নে তাগাদা পত্র প্রেরণ করতে হবে। |
| ৭. | বিবিধ | মাঠ পর্যায়ে জেলা ও উপজেলা সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর /২০২১) এর বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন চেয়ে স্মারক নং-১৬৩ তাং-০৪ অক্টোবর ২০২১ পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পত্রের সাথে মূল্যায়ন পদ্ধতি কি হবে তার নির্দেশনা প্রেরণের বিষয়েও আলোচনা হয়। | মাঠ পর্যায়ের ত্রৈমাসিক প্রতিবেদন চেয়ে দ্রুত পত্র প্রেরণের ব্যবস্থা নিতে হবে। |

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এস. এম. মাসুদুর রহমান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৫০

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ২) যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ, বিআরডিবি, ঢাকা।
- ৩) কর্মসূচি পরিচালক (পল্লী প্রগতি কর্মসূচি), বিআরডিবি, ঢাকা।
- ৪) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৬) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম
উপপরিচালক